দৈনিক খবর

তারিখ ... 15-NOV 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

মেয়েরা পাস করেছে বেশী ।। সেরা ফল ক্যাডেট কলেজের

# যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ১৫,৮৮৯

।। স্টাফ রিপোর্টার ।।

যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। পাসের গড় হার হচ্ছে শতকরা ২৮ দশমিক ১৭ ভাগ।

চলতি বছরের জুলাই-আগস্ট মাসে অনুষ্ঠিত এ পরীক্ষায় অংশগ্রহণ করে মোট ৫৬ হাজার ২শ' ৯২ জন। এর মধ্যে পুরুষ পরীক্ষার্থী ৪১ হাজার ৫শ' ৩৫ জন ও মহিলা ১৪ হাজার ৭শ' ৫৭ জন। উত্তীর্ণ হয় ১৫ হাজার ৮শ' ৮৯ জন। উত্তীর্ণদের মধ্যে প্রথম বিভাগে ২ হাজার ২ জন, দ্বিতীয় বিভাগে ৯ হাজার ৯শ' ৭৫ জন এবং তৃতীয় বিভাগে ৩ হাজার ৮শ' ৮২ জন।

বিজ্ঞান বিভাগে মোট ১২ হাজার ৬শ' ২৬ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ১২ জন প্রথম বিভাগে, ২ হাজার ৮শ' ৪৪ জন দ্বিতীয় বিভাগে এবং ৬শ' ৯১ জন তৃতীয় বিভাগসহ মোট ৪ হাজার ৫শ' ৪৭ জন উত্তীর্ণ হয়। বিজ্ঞান বিভাগে পাসের হার ৩৬ দশমিক শূন্য ১ ভাগ।

মানবিক বিভাগে (নিয়মিত) ২৯ হাজার ৩শ' ৬০ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে ৭শ' ৫৪ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৪শ' ৪১ জন দ্বিতীয় বিভাগে, ২ হাজার ১শ' ২২ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের হার শতকরা ২৪ দশমিক ৮১ ভাগ।

২-এর পাতায় দেখুন

## সম্মিলিত মেধা তালিকা

।। স্টাফ রিপোর্টার ।।

চলতি বছরের জুলাই-আগস্ট মাসে অনুষ্ঠিত যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র (বিজ্ঞান বিভাগ) কে এম সাজেদুল আলম সম্মিলিত মেধা তালিকায় ১ম হয়েছে। সাজেদুল (গ,প,র,পরি) ৪টি বিষয়ে লেটারসহ মোট ৯শ' ২৯ নম্বর পেয়েছে।

২-এর পাতায় দেখুন

# যশোর বোর্ডের এইচএসসি

প্রথম পৃষ্ঠার পর

বাণিজ্য বিভাগে (নিয়মিত) ১১ হাজার ৪শ' ১৫ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে ২শ' ২৫ জন প্রথম বিভাগে, ২ হাজার ৪শ' ২৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৯শ' ২৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের হার ৩১ দশমিক ৩৫ ভাগ।

এদিকে ৯ হাজার ৯শ' ১ জন পরীক্ষার্থী কম্পার্টমেন্টাল পায়। এদের সংখ্যা শতকরা ১৭ দশমিক ৫৮ ভাগ।

যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফলে ক্যাডেট কলেজগুলো ভাল করেছে। আর গড় পাসের হার মহিলাদের বেশী।

সম্মিলিড মেধা তালিকার প্রথম ১০টি স্থানের মধ্যে ৯টি নিয়ে নিয়েছে ঝিনাইদহ ও বরিশাল ক্যাডেট কলেজ। এর মধ্যে বরিশাল ক্যাডেট কলেজ ৫টি আর ঝিনাইদহ ক্যাডেট কলেজ ৪টি। তবে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র প্রথম হয়েছে।

যশোর বোর্ডে বিজ্ঞান বিভাগে মহিলাদের পাসের হার হচ্ছে শতকরা ৩৭ দশমিক ৫৭ ভাগ আর পুরুষদের শতকরা ৩৫ দশমিক ৬৮ ভাগ। মানবিক বিভাগে মহিলাদের শতকরা পাসের হার হচ্ছে ২৬ দশমিক ৯ ভাগ আর পুরুষদের পাসের হার হচ্ছে ২৪ দশমিক ৯ ভাগ। বাণিজ্য বিভাগে মহিলাদের পাসের হার হচ্ছে ৩৭ দশমিক ৪১ ভাগ এবং পুরুষদের ৩০ দশমিক ৫৮ ভাগ।

## সম্মিলিত মেধা

প্রথম পৃষ্ঠার পর

দ্বিতীয় স্থান অধিকার করেছে বরিশাল ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র মশিউল হক শোভন এবং ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র আনিসুর রহমান। দু'জনই ৪টি বিষয়ে (গ,প,র,পরি) লেটারসহ মোট ৯শ' ১০ নম্বর পেয়েছে। বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ আনোয়ার হোসেন ৪টি বিষয়ে লেটারসহ ৯শ' ৩ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় স্থান অধিকার করেছে।

মেধা তালিকায় প্রথম ১০ জনের মধ্যে অন্যরা হচ্ছেঃ ৪র্থঃ বরিশাল ক্যাডেট কলেজের আবু সাঈদ মোঃ রওশানুল হক (গ,প,পরি) ৯০৩; ৫মঃ খুলনা সরকারী মহিলা কলেজের মোমেনা খাতুন (গ,প,র) ৮৮৫; ৬ষ্ঠঃ কুষ্টিয়া সরকারী কলেজের তারিক-বিন আজিজ (গ,প,পরি) ৮৮২; ৭মঃ (দু'জন) যশোর সরকারী এম এম কলেজের আহমদ আলমগীর রেজা (গ,প,র) ও ঝিনাইদহ ক্যাডেট কলেজের ফেরদৌস হাসান সেলীম (স, প, পরি) ৮৭৭; ৮মঃ বরিশাল ক্যাডেট কলেজের মোঃ ফয়জুল হাসান (গ,প,র) ৮৬৮; ৯মঃ যশোর সরকারী এম এম কলেজের মোঃ মনিরুর রহমান (গ,প,র) ৮৬৫ এবং ১০মঃ ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র কাজী মোঃ মনিরুল আলম (গ,প,পরি) ৮৬১।